

হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ যাকাত, সিয়াম ও হজ্জ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৬. বিবাহের আগে হজ্জ পালনের প্রয়োজনীয়তা

আমাদের দেশে 'হজ্জ রাখতে পারবে কিনা', 'হজ্জের আগে ছেলেমেয়ে বিবাহ দিতে হবে', 'হজ্জের আগে পিতামাতার হজ্জ করাতে হবে', বা 'পিতামাতার অনুমতি লাগবে'... ইত্যাদি কিছু ভিত্তিহীন ধারণা ও কুসংস্কারের কারণে সাধারণত মুসলিমগণ বার্ধক্যের আগে হজ্জ করেন না, যদিও হজ্জ ফরয হওয়ার পরে দেরি করা মোটেও উচিত নয়। ইন্দোনেশিয়ায় বিষয়টি উল্টো। যৌবনের শুরুতে, বিবাহের পূর্বে হজ্জ আদায় না করলে মনে হয় হজ্জ হলো না। একটি জাল হাদীস এর কারণ। এই জাল হাদীসটিতে বলা হয়েছে:

مَنْ تَزَقَّجَ قَبْلَ أَنْ يَحُجَّ، فَقَدْ بَدَأً بِالْمَعْصِيةِ

"যে ব্যক্তি হজ্জ পালনের আগে বিবাহ করল, সে পাপ দিয়ে শুরু করল।" মুহাদ্দিসগণ একমত যে, এ কথাটি জাল।

ফুটনোট

[1] ইবনু আদী, আল-কামিল ১/৩৬৪; ইবনুল জাওযী, আল-মাউদূ'আত ২/১২৪; যাহাবী, মীযানুল ই'তিদাল ১/৪৫৮; তারতীবুল মাউদূ'আত, পৃ. ১৮৫; সুয়ূতী, আল-লাআলী ২/১২০; ইবনু আর্রাক, তানযীহ ২/১৬৭; তাহির পাটনী, তাযকিরা, পৃ. ৭৩; শাওকানী, আল-ফাওয়াইদ ১/১৩৮।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4968

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন